



পত্র নং : ৮৮/উ:মা:পরী:/৭৯/১০৬৮

তারিখ: ০৮/০৩/২০১৬

বিষয়: ২০১৬ সালের এইচএসসি/ডিআইবিএস পরীক্ষার গোপনীয় কাগজপত্র গ্রহণ ও কেন্দ্রে বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৬ সালের এইচএসসি/ডিআইবিএস পরীক্ষায় তাঁর জেলাধীন সকল কেন্দ্রের প্রশ্নপত্র ও অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র নিম্ন স্বাক্ষরকারীর নিকট হতে গ্রহণ করার জন্য তাঁর পক্ষ হতে প্রথম শ্রেণির একজন ম্যাজিস্ট্রেটকে ক্ষমতা প্রদান করে (স্বাক্ষর সত্যায়িতসহ) পাঠাতে হবে। বিজিপ্রেসের জন্য ১ কপি, বোর্ডের জন্য ১ কপি মোট ০২ কপি ফরওয়ার্ডিং সঙ্গে আনতে হবে। গোপনীয় কাগজপত্রগুলো তাঁর জেলার কেন্দ্রসমূহে পরীক্ষা শুরু ০৩ (তিন) দিন পূর্বে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরুর আগের দিন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর প্রতিনিধিকে নিয়ে ট্রাংকে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেটের সাথে 'প্রশ্নপত্রের বিবরণীর তালিকা' সঠিকভাবে যাচাই করতে হবে এবং কোনরূপ গরমিল থাকলে দুপুর ১২ টার মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। প্রতি কেন্দ্রের জন্য ক ও খ দুই সেট এবং বহুনির্বাচনি প্রশ্নপত্র ভর্তি ট্রাংক সরবরাহ করা হবে। প্রশ্নপত্র পরিবহন ও নিরাপত্তার জন্য যানবাহন এবং প্রয়োজনীয় সংখ্যক পুলিশ এর ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

প্রশ্নপত্রসহ গোপনীয় কাগজপত্র গ্রহণের স্থান ও তারিখ	জেলা সমূহ	সময়
বিজিপ্রেস, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২/০৩/২০১৬	গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর ও টাংগাইল জেলা	সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত
বিজিপ্রেস, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১৩/০৩/২০১৬	ঢাকা জেলা ও মহানগর	সকাল ১০ টা

০৮.০৬.১৬

ড. শ্রীকান্ত কুমার চন্দ
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৯৬৬৯৮১৫, মোবাইল: ০১৭৫৫-৫০৯১১৩

প্রাপক: জেলা প্রশাসক
ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ/নরসিংদী/মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/ফরিদপুর/মাদারীপুর/শরীয়তপুর/রাজবাড়ী/
গোপালগঞ্জ/ময়মনসিংহ/টাংগাইল/কিশোরগঞ্জ/নেত্রকোনা/জামালপুর/শেরপুর জেলা।

পত্র নং: ৮৮/উ:মা:পরী:/৭৯/১০৬৮

তারিখ: ০৮/০৩/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। ট্রেজারি অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(ঢাকা মহানগরের গোপনীয় কাগজপত্রের ট্রাংকসমূহ ট্রেজারিতে সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।)
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা, জেলা।
তাঁকে জেলা প্রশাসকের নিকট হতে পরীক্ষা শুরুর ৩ (তিন) দিন পূর্বে তাঁর উপজেলাধীন কেন্দ্র/কেন্দ্রসমূহের প্রশ্নপত্রসহ গোপনীয় কাগজপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। অফিস কপি

জ্ঞাতার্থে :

- ১। উপ পরিচালক
বি জি প্রেস, তেজগাঁও, ঢাকা

০২.০৬.১৬

অদ্বৈত কুমার রায়
উপ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৮৬১০১৮১, মোবাইল: ০১৭১১-১৩৬৯৭৬